

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
www.debendracollege.gov.bd

স্মারক নং- সদেক/২০২২/হিসাব/এন-১/ ২৬০

তারিখ: ১২/০৯/২০২২

অনার্স ৪র্থ বর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের অনার্স চতুর্থ বর্ষের শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, যেসব শিক্ষার্থী ২০২০ সালের অনার্স পার্ট-৩ ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ হয়েছে তাদেরকে আগামী ১৩/০৯/২০২২ থেকে ১৯/০৯/২০২২ তারিখের মধ্যে বিকাশ, নগদ বা ট্যাপ এর মাধ্যমে তাদের সেশন ফিসহ বেতনাদি (জুন-২০২১ পর্যন্ত) পরিশোধ করে অনার্স ৪র্থ বর্ষে ভর্তির জন্য নির্দেশ প্রদান করা হলো।

অনার্স ৪র্থ বর্ষে ভর্তি ফিসের মোট টাকার পরিমাণ

বি. এ/ বি. বি. এস/ বি. এস. এস	বি. এস-সি
মোট টাকা = ২৬৯৬/-	মোট টাকা = ২৭৯৬/-


মোবাইলের মাধ্যমে বিকাশ, নগদ বা ট্যাপ এ ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

বিকাশ, নগদ বা ট্যাপের অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর Govt Debendra College সিলেক্ট করলে Bill Period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর (জাতীয় বিশ্ববিদ্যালয়ের, 11 ডিজিটের) দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

বিকাশ/নগদ/ট্যাপে অনার্স ৪র্থ বর্ষের ভর্তি ফি জমা প্রদানের পর শিক্ষার্থীর করণীয়:

১। শিক্ষার্থীরা বিকাশ, নগদ বা ট্যাপে ভর্তি ফি প্রদানের পর জমা রসিদের প্রিন্ট নিয়ে অথবা নিজস্ব মোবাইল থেকে অ্যাপের মাধ্যমে ফি প্রদান করে debendracollege.eshiksabd.com এ গিয়ে Log in to EMS এ User Name: debendrastudent, Password: debendrastudent দিয়ে Log In করে Receipts Print বাটনে ক্লিক করে Student Fee Payment Receipts এর ঘরে তাদের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Show Payment List এ ক্লিক করলে টাকা জমার রসিদ প্রদর্শিত হবে। উক্ত রসিদ প্রিন্ট নিয়ে তাতে সংশ্লিষ্ট শিক্ষার্থীর শিক্ষাবর্ষ, ক্লাস রোল নম্বর ও সচল মোবাইল নম্বর লিখে নিয়মিত শিক্ষার্থীরা স্ব স্ব বিভাগে এবং অনিয়মিত শিক্ষার্থীরা কলেজের হিসাব শাখায় জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

২। বিকাশ/নগদ/ট্যাপ এর মাধ্যমে টাকা জমা প্রদানের পর জমা রসিদের প্রিন্ট কপি নিয়মিত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগে এবং অনিয়মিত শিক্ষার্থীরা কলেজের হিসাব শাখায় জমা না দিলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর নাম অনার্স চতুর্থ বর্ষের রেজিস্ট্রারে অন্তর্ভুক্ত হবে না। ফলে তারা চতুর্থ বর্ষের ইনকোর্স, নির্বাচনী পরীক্ষা বা চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।


(প্রফেসর ড. মো: রেজাউল করিম)
আইডি নং- ২৫৩০
অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
১২/০৯/২২